

বাউবি/পরীক্ষা/এসএসসি/৪৭৮/২০১৩/ ০৭৩৪

তারিখ: ২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশনের আবেদন এবং ফি জমা দান প্রসঙ্গে।

সূত্র : (ক) বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/৫৬৭/২০১৭/৬২০, তারিখ : ০৯/০২/২০১৭ খ্রিস্টাব্দ।

(খ) বাউবি/প্রশা(সাধা)//একা সিদ্ধান্ত-৬১(১)/পার্ট-০৩/৭১০(১), তারিখ : ০৫/০২/২০২৪ খ্রিস্টাব্দ।


জনাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্মারক নং : বাউবি/পরীক্ষা/এসএসসি/৪৭৮/২০১৩/১৬৯৫, তারিখ : ৩০/০৬/২০২৪ খ্রিস্টাব্দ এর অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশনের জন্য “ডীন, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫” বরাবর আবেদন করতে হবে। DeNovo রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় ফি অফলাইনে বাউবি নির্ধারিত ব্যাংকে জমা প্রদান করে ফি জমাদানের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। DeNovo রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীগণকে নিম্নবর্ণিত ফি প্রদান করতে হবে।

ক্রম	প্রদেয় ফি'র বিবরণ	ফি'র পরিমাণ
০১	কোর্স ফি (প্রতি বিষয়ের জন্য)	৫৫১/২৫
০২	রেজিস্ট্রেশন ফি (প্রতি বছরের জন্য)	১৫০/-
০৩	পুনঃপরীক্ষা ফি (প্রতি বিষয়ের জন্য)	১০০/-
০৪	নম্বরপত্র ফি (DeNovo রেজিস্ট্রেশন জন্য আবেদনকৃত সকল বিষয়ের জন্য একবার)	২০০/-
০৫	সনদপত্র ফি (DeNovo রেজিস্ট্রেশন জন্য আবেদনকৃত সকল বিষয়ের জন্য একবার)	৪০০/-
০৬	প্রশংসাপত্র ফি (DeNovo রেজিস্ট্রেশন জন্য আবেদনকৃত সকল বিষয়ের জন্য একবার)	৫০/-
০৭	একাডেমিক ক্যালেন্ডার ফি (১ম বর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)	৫০/-

ব্যবহারিক অংশ সম্বলিত প্রতিটি বিষয়ের জন্য অতিরিক্ত = ১০০/- (একশত) হারে ফি প্রদান করতে হবে। কোনো শিক্ষার্থী নম্বরপত্র, সনদপত্র এবং প্রশংসাপত্রের জন্য ইতোপূর্বে নির্ধারিত ফি প্রদান করে থাকলে তাকে পুনরায় ফি প্রদান করতে হবে না। তবে পরবর্তীতে উল্লিখিত ফি বৃদ্ধি করা হয়ে থাকলে বর্ধিত অংশটুকু প্রদান করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হ'ল।


ধন্যবাদসহ।

 ০৪.০৭.২০২৪

প্রফেসর ড. সাবিনা ইয়াসমিন

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়



অবগতি ও কার্যার্থে অনুলিপি :

০১. ডীন, ওপেন স্কুল, বাউবি।

০২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

০৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি - পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হ'ল।

০৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫. উপ-পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর, বাউবি (উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৬. সংরক্ষণ নথি।